## বাগাতিপাড়া উপজেলা পরিষদের ডিসেম্বর/২০২২ মাসে অনুষ্ঠিত সাধারণ সভার কার্যবিবরণী

সভাপতিঃ জনাব মোঃ অহিদুল ইসলাম গকুল, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাগাতিপাড়া, নাটোর।
স্থান ঃ উপজেলা পরিষদ মিলনায়তন, বাগতিপাড়া, নাটোর।
তারিখ ঃ ০৮.১২.২০২২ খ্রিঃ সময়- সকাল ১১.৩০ টা।

উপস্থিত সদস্য-পরিশিষ্ট 'ক' অনুপস্থিত সদস্য-পরিশিষ্ট 'খ'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং উপজেলা পরিষদের সাধারণ সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করেন। সভাপতির আহবানের প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত) নভেম্বর/২০২২ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদের সাধারণ সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান। কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর বিভিন্ন বিভাগের কার্যক্রমের উপর আলোচনান্তে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়।

### ০১. উপজেলা প্রকৌশল দপ্তর ঃ

| ক্রঃনঃ | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | ক. স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের ডিসেম্বর/২২ মাসের কার্যক্রম সংক্রান্ত আলোচনা। | ক. উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০২২-২০২৩ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) এর ১ম ও ২য় কিস্তির ১৭.৫৮ লক্ষ টাকা করে বরাদ্দ পাওয়া গেছে। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের ৪র্থ ও ৫ম কিস্তির অনুমোদন পাওয়া গেছে। বরাদ্দ প্রাপ্তি মোতাবেক টেন্ডার প্রক্রিয়া চলমান আছে। | ক. বিস্তারিত আলোচনান্তে নির্ধারিত সময়ের মধ্যে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের ৪র্থ ও ৫ম ধাপের কাজ সমাপ্ত করার লক্ষ্যে দ্রুত টেন্ডার প্রক্রিয়া সম্পন্ন করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হলো। | ক. উপজেলা প্রকৌশলী, বাগাতিপাড়া, নাটোর। |
| | খ. উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, স্থানীয় সরকার/জাইকা সংক্রান্ত আলোচনা | খ. উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের (ইউ.ডি.এফ) বাগাতিপাড়া সভায় জানান যে, তাঁর দপ্তরের যাবতীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | খ. বিস্তারিত আলোচনান্তে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের (ইউ.ডি.এফ)কে অনুরোধ করা হলো। | খ. উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের (ইউ.ডি.এফ) বাগাতিপাড়া, নাটোর |

### ০২.উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ দপ্তর ঃ

| ক্রঃনঃ | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০২ | স্বাস্থ্য বিষয়ক ডিসেম্বর/২২ মাসের কার্যক্রম সংক্রান্ত আলোচনা | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা সভায় জানান যে, আগামী ২০/১২/২০২২ খ্রিঃ তারিখ হতে করোনা ভাইরাস এর ৪র্থ ডোজ টিকা দেওয়া হবে। ১ম, ২য় ও ৩য় ডোজ এর টিকা দেওয়া হবে। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে কোন সমস্যা নাই। | বিস্তারিত আলোচনান্তে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ অফিসার, বাগাতিপাড়া নাটোর । |

### উপজেলা কৃষি দপ্তর ঃ

| ক্রঃনঃ | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০৩ | উপজেলা কৃষি অফিস কর্তৃক ডিসেম্বর/২২ সংক্রান্ত আলোচনা | আলোচনা কালে উপজেলা কৃষি অফিসার জানান যে, অত্র উপজেলায় চলতি রবি মৌসুমে গম আবাদ হয়েছে৪২৪০ হেঃ, ভুট্টা ৮৮ হেঃ, এবং সবজি ৪৩০ হেঃ, ফসলের পরিস্থিতি ভাল, আশা করা যায় গত বছরের তুলনায় ফলন ভাল হবে। কৃষি প্রণোদনা আওতায় গম ১২৬০ জন, পেঁয়াজ ৪০ জন, মসুর ১১০ জন খেসারী ৭০ জন কৃষককে বীজ ও সার প্রদান করা হয়েছে। ১২০০ জন কৃষককে উফশী ধান ও ১০০০ জন কৃষককে হাইব্রীড ধান বীজ, ডিএপি ও এমওপি সার বিনামূল্যে প্রদান করা হবে। ৫০% ভর্তুকি মূল্যে অত্র উপজেলায় রিপার ও কম্বাইন্ড হারভেস্টার, পাওয়ার স্প্রেয়ার বরাদ্দ পাওয়া গেছে। উপজেলায় রাসায়নিক সার এর মজুদ নিম্নরুপঃ ইউরিয়া সার ১৪৩ মেঃ টন, টিএসপি সার ১১০ মেঃ টন, ডিএপি সার ১৭৮ মেঃ টন, এম ও পি সার ৬৫ মেঃ টন। সারের বিতরণ ও মজুদ পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে মর্মে তিনি জানান। | বিস্তারিত আলোচনান্তে সার্বক্ষণিক সার মনিটরিং সহ দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য উপজেলা কৃষি অফিসারকে অনুরোধ করা হলো। | উপজেলা কৃষি অফিসার, বাগাতিপাড়া নাটোর । |

### ০৪. উপজেলা প্রাণি সম্পদ দপ্তর ঃ

| ক্রঃনঃ | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০৪ | উপজেলা প্রাণি সম্পদ অধিদপ্তর কর্তৃক ডিসেম্বর/২২ মাসে গৃহীত কার্যক্রম সংক্রান্ত আলোচনা | উপজেলা প্রাণি সম্পদ অফিসার সভায় জানান যে, এলএসডি লাম্পি স্ক্রীন ডিজিজ বর্তমানে আর দেখা যাচ্ছে না। গবাদি পশুর পিপিআরসহ বিভিন্ন রোগের ভ্যাকসিন দেওয়া হচ্ছে। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে কোন সমস্যা নাই। | বিস্তারিত আলোচনান্তে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, বাগাতিপাড়া নাটোর |

অপর পাতা/২

**০৫. উপজেলা মৎস্য দপ্তর ঃ**

| ক্রঃনঃ | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০৫ | উপজেলা মৎস্য অধিদপ্তর কর্তৃক ডিসেম্বর/২২ মাসে গৃহীত কার্যক্রম সংক্রান্ত আলোচনা। | আলোচনাকালে উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, বিভিন্ন ইউনিয়নে চাষীদের পুকুরে বিশেষ কার্যক্রম হিসাবে সরাসরি মাটি, পানি পরীক্ষা করে চাষীদের প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয়েছে। মৎস্য আইনের পরিপন্থী নিষিদ্ধ জাল ব্যবহার না করার জন্য জেলেদের উদ্বুদ্ধ করা হয়েছে। অত্র উপজেলায় পৌরসভার মুরাদপুর নামক স্থানে বড়াল নদীতে আনুমানিক ৫০০ মিটার অবৈধ কারেন্ট জাল এবং দয়ারামপুর ইউনিয়নে ব্রীজের নিচে ১টি নিষিদ্ধ চায়না দোয়ারী জাল আগুনে পুড়িয়ে বিনষ্ট করা হয়েছে। বাজারগুলো নিয়মিত পরিদর্শন অব্যাহত হয়েছে। উক্ত উপজেলার বিভিন্ন বাজারের মৎস্য খাদ্য খুচরা ও পাইকারী বিক্রেতার দোকানসমূহে এবং মৎস্য হ্যাচারী লাইসেন্স নবায়ন কার্যক্রম অব্যাহত আছে। ২০ জন মৎস্য চাষীকে মৎস্য চাষ সম্পর্কিত বিভিন্ন বিষয়ে পরামর্শ প্রদান করা হয়েছে। অত্র উপজেলায় জাটকা আহরণ, পরিবহন, ক্রয়-বিক্রয়, মজুদ ও বিনিময় না করার জন্য বিভিন্ন বাজার তদারকি অব্যাহত রয়েছে। এছাড়া শীতকালে মাছের বৃদ্ধিজনিত সমস্যা, মড়ক রোধ এবং বিভিন্ন জীবাণুর আক্রমণের কারণে মাছের উৎপাদন ব্যাহত না হওয়ার জন্য অত্র উপজেলার বিভিন্ন পুকুরের মাটি, পানি ও মাছ পরীক্ষা করে পরামর্শ সেবা অব্যাহত রয়েছে। | বিস্তারিত আলোচনান্তে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য উপজেলা মৎস্য কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা মৎস্য কর্মকর্তা, বাগাতিপাড়া নাটোর |

**০৬. উপজেলা পরিবার পরিকল্পনা দপ্তর ঃ**

| ক্রঃনঃ | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০৬ | উপজেলা পরিবার পরিকল্পনা অধিদপ্তর কর্তৃক ডিসেম্বর/২২ মাসে গৃহীত কার্যক্রম সংক্রান্ত | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান যে, আগামী ১৭ ডিসেম্বর হতে ২২ ডিসেম্বর পর্যন্ত পরিবার পরিকল্পনা সেবা সপ্তাহ পালন করা হবে। এছাড়া দাপ্তরিক যাবতীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে কোন সমস্যা নাই। | বিস্তারিত আলোচনান্তে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা অফিসারকে অনুরোধ করা হলো। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, বাগাতিপাড়া নাটোর |

**০৭. উপজেলা সমাজসেবা দপ্তর ঃ**

| ক্রঃনঃ | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০৭ | উপজেলা সমাজসেবা অধিদপ্তর কর্তৃক ডিসেম্বর/২২ মাসে গৃহীত কার্যক্রম সংক্রান্ত আলোচনা | উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, তাঁর দপ্তরের যাবতীয় কার্যক্রম স্বাভাবিকভবে চলছে কোন সমস্যা নাই। | বিস্তারিত আলোচনান্তে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য উপজেলা সমাজ সেবা অফিসারকে অনুরোধ করা হলো। | উপজেলা সমাজসেবা অফিসার, বাগাতিপাড়া নাটোর । |

**০৮. উপজেলা পল্লী উন্নয়ন দপ্তর ঃ**

| ক্রঃনঃ | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০৮ | উপজেলা পল্লী উন্নয়ন দপ্তরের ডিসেম্বর/২২ মাসের কার্যক্রম সংক্রান্ত আলোচনা | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, সভায় জানান যে, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী ২০২২-২০২৩ অর্থ বছরে ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ৩০.০০ লক্ষ টাকা, অর্জন সম্পন্ন হয়েছে ১৩.৬৯ লক্ষ টাকা, অর্জনের হার ৪৬%, মাঠ হতে ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা ৫০.২২ লক্ষ টাকা, অর্জন হয়েছে ০.০১ লক্ষ টাকা, আদায়ের হার ২৯% । শেয়ার জমার লক্ষ্যমাত্রা ০.২০ লক্ষ টাকা, অর্জন হয়েছে ০.০১ লক্ষ্য টাকা, হার ৫% এবং সঞ্চয় জমার লক্ষ্যমাত্রা ০.৯০ লক্ষ টাকা, অর্জন হয়েছে ০.৮২ লক্ষ টাকা, হার ৯১%। গাছের চারা বিতরনের লক্ষ্যমাত্রা ২৫০টি, অর্জন হয়েছে ২০০টি, হার ৮০% প্রাথমিক সমিতির অডিট সম্পাদনের লক্ষ্যমাত্রা ১১০টি, অর্জন হয়েছে ১১০ টি, হার ১০০ %। এছাড়া কোভিড-১৯ ক্ষতিগ্রস্থ ০৩ জন সদস্যকে ৩.০০ লক্ষ টাকা প্রণোদনা ঋণ বিতরণ করা হয়েছে। | বিস্তারিত আলোচনান্তে ঋণ আদায় কার্যক্রম জোরদারসহ দাপ্তরিক কার্যক্রম যথাযথ ভাবে পরিচালনার জন্য উপজেলা পল্লী উন্নয়ন অফিসারকে অনুরোধ করা হলো। | পল্লী উন্নয়ন অফিসার বাগাতিপাড়া, নাটোর |

**০৯. উপজেলা প্রাথমিক শিক্ষা দপ্তরঃ**

| ক্রঃনঃ | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০৯ | উপজেলা প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ডিসেম্বর/২২ মাসে গৃহীত কার্যক্রম সংক্রান্ত | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, প্রাথমিক বিদ্যালয়ে বার্ষিক মূল্যায়ন পরীক্ষা শুরু হয়েছে। পেড়াবাড়ীয়া সরকারি প্রাথমিক বিদ্যালয় এর সামনে অগোছালোভাবে ময়লা ফেলে রাখে তাই উক্তস্থানে ১টি ডাস্টবিন স্থাপনের জন্য অনুরোধ রাখেন। তিনি আরো জানান জিগরী, পাঁকা ও চিথলিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ে পরিত্যাক্ত ভবন রয়েছে যা নিলামে বিক্রয়ের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সভায় অনুরোধ জানান। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে কোন সমস্যা নাই। | বিস্তারিত আলোচনান্তে জিগরী, পাঁকা ও চিথলিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ে পরিত্যাক্ত ভবন নিলামে বিক্রয়ের জন্য উপজেলা প্রকৌশলীকে প্রাক্কলন প্রস্তুতপূর্বক দাখিলের নিমিত্ত অনুরোধ করা হলো এবং দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসারকে অনুরোধ করা হলো। | উপজেলা শিক্ষা অফিসার বাগাতিপাড়া নাটোর। |

অপর পাতা/৩

১০. উপজেলা মাধ্যমিক শিক্ষা দপ্তরঃ

| ক্রঃনঃ | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১০ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অধিদপ্তরের ডিসেম্বর/২২ মাসে গৃহীত কার্যক্রম সংক্রান্ত সংক্রান্ত আলোচনা | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, ২০২৩ সালের মাধ্যমিক পর্যায়ের ২০% বই এখন পর্যন্ত বরাদ্দ পাওয়া গেছে। ১লা জানুয়ারি বই উৎসব করা হবে। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে কোন সমস্যা নাই। | বিস্তারিত আলোচনান্তে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বাগাতিপাড়া নাটোর |

১১. উপজেলা যুব উন্নয়ন দপ্তরঃ

| ক্রঃনঃ | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১১ | উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক ডিসেম্বর/২২ মাসে গৃহীত কার্যক্রম সংক্রান্ত | উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় জানান যে, আত্মকর্মসংস্থান কর্মসূচীঃ মোট ঋণ তহবিল ৭৬,৪৫,৮৯৮/৯৬ টাকা, ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ ৩,৯১,৯৭,০০০/-টাকা, চলমান আদায় যোগ্য ৩,০৭,৭৭৫/-টাকা, চলমান আদায়কৃত ২,৭৭,৯০০/-টাকা, চলমান আদায়ের হার ৯০.২৯% ক্রমপুঞ্জিত কিস্তি খেলাপী ৩,৭৭,০২৫/-টাকা। উত্তরবঙ্গ কর্মসূচিঃ মোট ঋণ তহবিল ১,৩১,৫১,০৮২/৪৩-টাকা, ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ ১,৩৬,০০,০০০/-টাকা, ক্রমপুঞ্জিত কিস্তি খেলাপী ১,৩৬,০০০/-টাকা, ক্রমপুঞ্জিত উপকারভোগীর সংখ্যা ৩৫৮ জন। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে কোন সমস্যা নাই। | বিস্তারিত আলোচনান্তে ঋণ আদায় কার্যক্রম জোরদারসহ দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য উপজেলা যুব উন্নয়ন অফিসারকে অনুরোধ করা হলো। | উপজেলা যুব উন্নয়ন অফিসার বাগাতিপাড়া নাটোর। |

১২. উপজেলা খাদ্য দপ্তরঃ

| ক্রঃনঃ | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১২ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্তৃক ডিসেম্বর/২২ মাসে গৃহীত কার্যক্রম সংক্রান্ত আলোচনা | আলোচনা কালে উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, খাদ্য দ্রব্যের সরবরাহ ও মজুদ পরিস্থিতির বিবরণঃ বিবেচ্য পক্ষ চাল ২৮৭.২৫৯ মেঃ টন, গত পক্ষ ২৮৭.২৫৯ মেঃ টন, গম বিবেচ্য ২৬৯.৫০৯ মেঃ টন, গত পক্ষ ২৮৭.২৫৯ মেঃ টন, গম বিবেচ্য পক্ষ ০ মেঃ টন, গত পক্ষ ০ মেঃ টন, খালি বস্তা বিবেচ্য পক্ষ ২২,২১১ টি, গত পক্ষ ১৯,০৭৩ টি, খাদ্য দ্রব্যসহ নিত্য প্রয়োজনীয় দ্রব্যের মূল্যের বিবরণঃ চাল মোটা বিবেচ্য পক্ষ ৪৮/-টাকা, গত পক্ষ ৫০/- টাকা, চাল চিকন বিবেচ্য পক্ষ ৬৮/-টাকা, গত পক্ষ ৬০/-টাকা, আটা খোলা বিবেচ্য পক্ষ ৬০/-টাকা, গত পক্ষ ৫৫/- টাকা, আটা প্যাকেট বিবেচ্য পক্ষ ৬৫/-টাকা, গত পক্ষ ৬০/-টাকা, সয়াবিন খোলা পক্ষ বিবেচ্য ১৭৫/-টাকা, গত পক্ষ ১৬০/-টাকা, সয়াবিন বোতল বিবেচ্য পক্ষ ১৮০/- টাকা, গত পক্ষ ১৭৮/-টাকা, চিনি বিবেচ্য পক্ষ ১১০/ টাকা, গত পক্ষ ১০০/-টাকা, মসুর ডাল বিবেচ্য পক্ষ ১১০/-টাকা, গত পক্ষ ১১০/-টাকা। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে কোন সমস্যা নাই। | নিত্য প্রয়োজনীয় দ্রব্যের বাজার মূল্য স্থিতিশীল রাখার স্বার্থে সার্বক্ষণিক মনিটরিং করার জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রককে বলা হলো। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বাগাতিপাড়া নাটোর। |

১৩. উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা দপ্তরঃ

| ক্রঃনঃ | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১৩ | উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর কর্তৃক ডিসেম্বর/২২ সংক্রান্ত আলোচনা | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা সম্ভব হলো না। | পরবর্তী সভায় বিভাগীয় কর্মপত্র সহ উপস্থিত থাকার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ করা হলো | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা বাগাতিপাড়া, নাটোর |

১৪. উপজেলা মহিলা বিষয়ক দপ্তরঃ

| ক্রঃনঃ | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১৪ | উপজেলা মহিলা বিষয় দপ্তর কর্তৃক ডিসেম্বর/২২ মাসে গৃহীত কার্যক্রম সংক্রান্ত আলোচনা | আলোচনাকালে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, আগামী ৯ ডিসেম্বর বেগম রোকেয়া দিবস/২০২২ উদযাপন উপলক্ষ্যে আলোচনা সভা ও ৫ জন শ্রেষ্ঠ জয়িতাকে সমবর্ধনা প্রদান করা হবে। VWB কার্যসূচির আওতায় ডিসেম্বর/২০২২ মাসের ডিও এর কপি সংশ্লিষ্ট সকলকে বিতরণ করা হয়েছে। আই,জি,এ প্রশিক্ষণ প্রকল্পের আওতায় ১৭ তম ব্যাচের সকালে ও ১৮ তম ব্যাচের বিকালে প্রশিক্ষণ কার্যক্রম চলমান আছে। বাগাতিপাড়া উপজেলার ৬টি কিশোর-কিশোরী ক্লাবের কার্যক্রম চলমান আছে। আগামী ১২/১২/২০২২ ক্লাব ম্যানেজমেন্ট কমিটির (সিএমসি) সভা অনুষ্ঠিত হবে। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে কোন সমস্যা নাই। | বিস্তারিত আলোচনান্তে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য উপজেলা মহিলা বিষয় কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বাগাতিপাড়া, নাটোর। |

১৫. উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর ঃ

| ক্রঃনঃ | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১৫ | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক ডিসেম্বর/২২ মাসে গৃহীত কার্যক্রম সংক্রান্ত আলোচনা | উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য সভায় জানান যে, মুজিববর্ষ উপলক্ষে বরাদ্দ প্রাপ্ত টিউবওয়েল বসানো হচ্ছে। ২০২২-২০২৩ অর্থ বছরে সাবমার্সেবুল পাম্প এর বরাদ্দ পাওয়া গেছে রেসিও মোতাবেক মাননীয় সংসদ সদস্য মহোদয় এবং জনপ্রতিনিধিগণকে দ্রুত তালিকা প্রদান করার জন্য অনুরোধ জানান। এছাড়া দাপ্তরিক যাবতীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে কোন সমস্যা নাই। | বিস্তারিত আলোচনান্তে সুষ্ঠুভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলীকে অনুরোধ করা হলো। | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) অধিদপ্তর, বাগাতিপাড়া, নাটোর |

অপর পাতা/৪

১৬. তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর ঃ

| ক্রঃনং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১৬ | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক ডিসেম্বর/২২ মাসে গৃহীত কার্যক্রম সংক্রান্ত আলোচনা | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা সম্ভব হলো না। | পরবর্তী সভায় বিভাগীয় কর্মপত্র সহ উপস্থিত থাকার জন্য উপজেলা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর বাগাতিপাড়া, নাটোর |

১৭. উপজেলা আনসার ও ভিডিপি অফিস ঃ

| ক্রঃনং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১৭ | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার কর্তৃক ডিসেম্বর/২২ মাসে গৃহীত কার্যক্রম সংক্রান্ত। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে কোন সমস্যা নাই। | বিস্তারিত আলোচনান্তে সুষ্ঠুভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা আনসার ও ভিডিপির কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা বাগাতিপাড়া, নাটোর। |

১৮. উপজেলা সমবায় দপ্তরঃ

| ক্রঃনং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১৮ | উপজেলা সমবায় অধিদপ্তর কর্তৃক ডিসেম্বর/২২ মাসে গৃহীত কার্যক্রম সংক্রান্ত। | উপজেলা সমবায় অফিসার জানান সভায় যে, ইলেকট্রিকেল বিষয়ে ২ মাস মেয়াদী প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে । এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিবভাবে চলছে কোন সমস্যা নাই। | বিস্তারিত আলোচনান্তে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য উপজেলা সমবায় অফিসারকে অনুরোধ করা হলো। | উপজেলা সমবায় অফিসার, বাগাতিপাড়া নাটোর |

১৯. উপজেলা দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন ঃ

| ক্রঃনং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১৯ | উপজেলা দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন কর্তৃক ডিসেম্বর/২২ মাসে গৃহীত কার্যক্রম সংক্রান্ত | উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা, বাগাতিপাড়া সভায় জানান যে, তাঁর দপ্তরের নভেম্বর/২০২২ মাসের কার্যক্রম যেমন- ক্ষুদ্র ঋণঃ মোট সমিতি ৭২টি, মোট সদস্য ১,৮৫৮ জন, ঋণী সদস্য ১,০৬৭ জন, ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ ১৫৮০.৭৫ লক্ষ টাকা, আদায়ের হার ৯৭%। ক্ষুদ্র উদ্যোক্তা ঋণঃ মোট সদস্য ৯৩ জন, ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ ৭০৪.৮০ লক্ষ টাকা, আদায়ের হার ৯৩%। প্রণোদনা ঋণঃ মোট উদ্যোক্তার সংখ্যা ২৫ জন। নভেম্বর/২০২২ মাসে ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ ৪৮.৮০ লক্ষ টাকা । প্রশিক্ষণঃ নেতৃত্ব বিকাশ ও সামাজিক উন্নয়ন প্রশিক্ষণ ৭৭৫ জন, দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ গাভী পালন ২৫০ জন, গরু মোটাতাজাকরণ ২৫০ জন, শাক সবজি চাষাবাদ ২৫০ জনকে প্রশিক্ষণ দেওয়া হয়েছে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে । | বিস্তারিত আলোচনান্তে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা বাগাতিপাড়া,নাটোর। |

২০. উপজেলা বন সম্প্রসারণ দপ্তর ঃ

| ক্রঃনং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ২০ | উপজেলা বন সম্প্রসারণ অধিদপ্তর কর্তৃক ডিসেম্বর/২২ মাসে গৃহীত কার্যক্রম সংক্রান্ত। | আলোচনা কালে উপজেলা বন কর্মকর্তা সভায় জানান যে, ২০২২-২০২৩ অর্থ বছরে ৩০,০০০ বিভিন্ন প্রজাতীর গাছ লাগানো হবে এবিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে কোন সমস্যা নাই। | বিস্তারিত আলোচনান্তে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য উপজেলা বন কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা বন সম্প্রসারণ কর্মকর্তা বাগাতিপাড়া নাটোর। |

২১. উপজেলা তথ্যসেবা দপ্তর ঃ

| ক্রঃনং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ২১ | উপজেলা তথ্যসেবা দপ্তরের ডিসেম্বর/২২ মাসে গৃহীত কার্যক্রম সংক্রান্ত আলোচনা | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা সভায় জানান যে, গত নভেম্বরে ১টি উঠান বৈঠক করা হয়েছে। এছাড়া দাপ্তরিক সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে কোন সমস্যা নাই। | বিস্তারিত আলোচনান্তে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য উপজেলা তথ্যসেবা কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা, বাগাতিপাড়া, নাটোর |

২২. উপজেলা প্রকল্প(পজীক) দপ্তর ঃ

| ক্রঃনং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ২২ | উপজেলা প্রকল্প (পজীপ) অধিদপ্তর কর্তৃক ডিসেম্বর/২২ সংক্রান্ত আলোচনা । | উপজেলা প্রকল্প (পজীক) কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দপ্তরের যাবতীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে কোন সমস্যা নাই। | বিস্তারিত আলোচনান্তে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য উপজেলা প্রকল্প (পজীক) কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা প্রকল্প কর্মকর্তা, বাগাতিপাড়া, নাটোর। |

অপর পাতা/৫

২৩. উপজেলা বিএডিসি(পানাসি) দপ্তর ঃ

| ক্রঃনঃ | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ২৩ | উপজেলা বিএডিসি(পানাসি) অধিদপ্তর কর্তৃক ডিসেম্বর/২২ মাসে গৃহীত কার্যক্রম সংক্রান্ত আলোচনা । | উপজেলা বিএডিসি (পানাসি) কর্মকর্তা সভায় জানান যে, পানাসি এসআইডিপি প্রকল্পের আওতায় নাটোর জেলাতে ০৩টি ২.০ কিউসেক গভীর নলকূপ পুনঃবাসনের পরিকল্পনা করা হয়েছে। এছাড় দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে । | বিস্তারিত আলোচনান্তে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য উপজেলা বিএডিসি (পানাসি) কর্মকর্তাকে আনুরোধ করা হলো। | উপজেলা বিএডিসি (পানাসি) কর্মকর্তা, বাগাতিপাড়া, নাটোর। |

২৪. পল্লী সঞ্চয় ব্যাংক ঃ

| ক্রঃনঃ | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ২৪ | পল্লী সঞ্চয় ব্যাংক দপ্তরের ডিসেম্বর/২২ মাসে গৃহীত কার্যক্রম সংক্রান্ত আলোচনা | পল্লী সঞ্চয় ব্যাংক, শাখা ব্যবস্থাপক, বাগাতিপাড়া সভায় জানান যে, তাঁর দপ্তরের যাবতীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে কোন সমস্যা নাই। | বিস্তারিত আলোচনান্তে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য পল্লী সঞ্চয় ব্যাংক, শাখা ব্যবস্থাপক, বাগাতিপাড়াকে অনুরোধ করা হলো। | পল্লী সঞ্চয় ব্যাংক, শাখা ব্যবস্থাপক, বাগাতিপাড়া, নাটোর। |

২৫. বাগাতিপাড়া সাবজোনাল অফিস, পল্লী বিদ্যুৎ সমিতি-১ঃ

| ক্রঃনঃ | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ২৫ | বাগাতিপাড়া সাবজোনাল অফিস, পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর ডিসেম্বর/২২ মাসের কার্যক্রম সংক্রান্ত আলোচনা | এজিএম, বাগাতিপাড়া সাবজোনাল অফিস, পল্লী বিদ্যুৎ সমিতি-১ সভায় জানান যে, ৮ সেপ্টেম্বর হতে লোডসেডিং নাই। ২৩২ জন গ্রাহক বিল পরিশোধ না করায় তাদের বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করা হয়েছে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে কোন সমস্যা নাই। | বিস্তারিত আলোচনান্তে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য এজিএম, বাগাতিপাড়া সাবজোনাল অফিস, পল্লী বিদ্যুৎ সমিতি-১ কে অনুরোধ করা হলো। | এজিএম, বাগাতিপাড়া সাবজোনাল অফিস, পল্লী বিদ্যুৎ সমিতি-১ |

২৬. বাগাতিপাড়া পৌরসভা ঃ

| ক্রঃনঃ | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ২৬ | বাগাতিপাড়া পৌর সভার ডিসেম্বর/২২ মাসে গৃহীত কার্যক্রম সংক্রান্ত | মেয়র, বাগাতিপাড়া পৌরসভা সভায় অনুপস্থিত থাকায় বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা সম্ভব হলো না। | পরবর্তী সভায় বিভাগীয় কর্মপত্র সহ উপস্থিত থাকার জন্য মেয়র, বাগাতিপাড়া পৌরসভাকে অনুরোধ করা হলো। | মেয়র, বাগাতিপাড়া পৌরসভা বাগাতিপাড়া, নাটোর। |

২৭. ইউনিয়ন পরিষদ ঃ

| ক্রঃনঃ | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ২৭ | ক. পাঁকা ইউনিয়ন পরিষদ ডিসেম্বর/২২ মাসের গৃহীত কার্যক্রম সংক্রান্ত | ক. চেয়ারম্যান, ১নং পাঁকা সভায় জানান যে, তাঁর দপ্তরের যাবতীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে কোন সমস্যা নাই। | ক. দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য ১নং পাঁকা ইউ.পি চেয়ারম্যানকে অনুরোধ করা হলো। | ক. চেয়ারম্যান, ১নং পাঁকা, ইউ.পি |
| | খ. জামনগর ইউনিয়ন পরিষদ ডিসেম্বর/২২ মাসের গৃহীত কার্যক্রম সংক্রান্ত | খ. চেয়ারম্যান ২নং জামনগর সভায় অনুপস্থিত থাকায় বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা সম্ভব হলো না। | খ. পরবর্তী সভায় বিভাগীয় কর্মপত্র সহ উপস্থিত থাকার জন্য চেয়ারম্যান ২নং জামনগর ইউ.পি চেয়ারম্যানকে অনুরোধ করা হলো। | খ. চেয়ারম্যান, ২নং জামনগর, ইউ.পি |
| | গ. বাগাতিপাড়া ইউনিয়ন পরিষদ ডিসেম্বর/২২ মাসের গৃহীত কার্যক্রম সংক্রান্ত | গ. চেয়ারম্যান ৩নং বাগাতিপাড়া সভায় জানান যে, তাঁর দপ্তরের যাবতীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে কোন সমস্যা নাই। | গ. দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য চেয়ারম্যান ৩নং বাগাতিপাড়া ইউ.পি চেয়ারম্যানকে অনুরোধ করা হলো। | গ. চেয়ারম্যান, ৩নং বাগাতিপাড়া ইউ.পি |
| | ঘ. দয়ারামপুর ইউনিয়ন পরিষদ ডিসেম্বর/২২ মাসের গৃহীত কার্যক্রম সংক্রান্ত | ঘ. চেয়ারম্যান, ৪নং দয়ারামপুর ইউ.পি সভায় জানান যে, তাঁর দপ্তরের যাবতীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে কোন সমস্যা নাই। | ঘ. দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য চেয়ারম্যান ৪নং দয়ারামপুর ইউ.পিকে চেয়ারম্যানকে, অনুরোধ হলো। | ঘ. চেয়ারম্যান, ৪নং দয়ারামপুর, ইউ.পি |
| | ঙ. ফাগুয়াড়দিয়াড় ইউনিয়ন পরিষদ ডিসেম্বর/২২ মাসের গৃহীত কার্যক্রম সংক্রান্ত | ঙ. চেয়ারম্যান, ৫নং ফাগুয়াড়দিয়াড় সভায় জানান যে, তাঁর ইউনিয়নে জন্ম নিবন্ধন বাধ্যতামূলক করা হয়েছে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে কোন সমস্যা নাই। | ঙ. দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য চেয়ারম্যান, ৫নং ফাগুয়াড়দিয়াড়কে অনুরোধ করা হলো। | ঙ. চেয়ারম্যান, ৫নং ফাগুয়াড়দিয়াড় ইউ.পি |

২৮. কমিটির সুপারিশ সমূহ ঃ

| ক্রঃ নঃ | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ২৮ | কমিটির সুপারিশ : | উপজেলা পরিষদ মহিলা ভাইস চেয়ারম্যান এর সভাপতিত্বে ৮টি এবং উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যান এর সভাপতিত্বে ৯টি স্থায়ী কমিটির সভা গত ১০/১১/২০২২ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত হয়েছে। সভা অনুষ্ঠানের ০৭ কার্যদিবসের মধ্যে রেজুলেশন প্রেরণ করার জন্য সংশ্লিষ্টদের অনুরোধ জানান। | পরিষদ স্থায়ী কমিটির সভা অনুষ্ঠানের ০৭ কার্যদিবসের মধ্যে রেজুলেশন প্রেরণ করার জন্য সিদ্ধান্ত গৃহিত হলো। | সংশ্লিষ্ট দপ্তর প্রধান, বাগাতিপাড়া নাটোর। |

অপর পাতা/৬

**২৯. উপজেলা পরিষদের আয় ব্যয় নিয়ে আলোচনা ঃ**

| ক্রঃ নঃ | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ২৯ | উপজেলা পরিষদের আয় ব্যয় সংক্রান্ত। | আলোচনাকালে উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত) জানান যে, উপজেলা পরিষদের রাজস্ব তহবিল ও উন্নয়ন তহবিল নামে ০২টি ব্যাংক হিসাবের মাধ্যমে উপজেলা পরিষদের আর্থিক লেনদেন সম্পন্ন করা হয় । রাজস্ব তহবিল সোনালী ব্যাংক লিঃ, বাগাতিপাড়া শাখার চলতি হিসাব নং: ৪৯০২২০০০১০০৯১ তে ৩১.১০.২০২২ খ্রিঃ তারিখ পর্যন্ত মোট স্থিতি: ৬,৮২,৯২৩/৭৮ পয়সা এবং উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল, জনতা ব্যাংক লিঃ, বাগাতিপাড়া শাখার চলতি হিসাব নং: ০০১০০৮১৭১ তে ২,৩২,৭১৬/- টাকা মাত্র। | আর্থিক বিধি বিধান অনুসরণ পূর্বক আর্থিক হিসাব পরিচালনা করার সিদ্ধান্ত গৃহিত হলো এবং প্রতি মাসের ১ম তারিখে পূর্ববর্তী মাসের ব্যাংক স্টেটমেন্ট সংগ্রহ করতে হবে। | সিএ, উঃ নিঃ অফিস, বাগাতিপাড়া নাটোর। |

**৩০.বিবিধ ঃ**

| | | | | |
|---|---|---|---|---|
| ৩০ | ক. উপজেলা পরিষদের পানির পাম্প মেরামত। | ক. উপজেলা প্রকৌশলী আলোচনাকালে জানান যে, উপজেলা পরিষদের পানির পাম্প নষ্ট হওয়ায় তা জরুরীভাবে ২৪,৯০০/-(ভাঃ নং-১) টাকার বিল ভাউচার দাখিল করা হয়েছে। উক্ত বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে পরিশোধের নিমিত্ত সভায় প্রস্তাব রাখেন। | ক. বিস্তারিত আলোচনান্তে দাখিলকৃত ২৪,৯০০/- টাকার বিল অনুমোদিত হলো এবং উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২০ এর ৩(ভ) মোতাবেক উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে উক্ত বিল পরিশোধ করার সিদ্ধান্ত গৃহিত হলো। | ক. উপজেলা নির্বাহী অফিসার, বাগাতিপাড়া নাটোর। |
| | খ. অপ্রত্যাশিত খাতে ব্যয়। | খ. উপজেলা নির্বাহী অফিসার আলোচনাকালে জানান যে, বাগাতিপাড়া উপজেলার নিম্নবর্ণিত ব্যক্তিগণ পূনবার্সন, ঘূর্ণিঝড়, কাল বৈশাখী ঝড়, প্রাকৃতিক দূর্যোগ ইত্যাদিতে ক্ষতিগ্রস্ত হয়ে তাৎক্ষণিক অবস্থা মোকাবেলায় সরকারের কোন সাহায্য না পাওয়ায় আর্থিক সাহায্য প্রাপ্তির জন্য আবেদন করেছেন।<br>১। মোঃ জান্নাতুল ফেরদৌস লামিয়া, পিতা-মোঃ বাহার উদ্দিন, গ্রাম-কৃষ্ণপুর<br><br>তিনি আরো জানান যে, উপজেলা পরিষদ রাজস্ব তহবিল গঠন ও ব্যবহার নির্দেশিকা ২০০৯ এর (ঘ) অনুচ্ছেদে অত্যাশিত খাতে যেমনঃ পূনবার্সন, ঘূর্ণিঝড়, কাল বৈশাখী ঝড়, প্রাকৃতিক দূর্যোগ, অগ্নিকান্ড ইত্যাদিতে ক্ষতিগ্রস্ত হয়ে তাৎক্ষনিক ভাবে ব্যয় নির্বাহের জন্য উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে সহযোগিতা করার নির্দেশনা আছে। সে মোতাবেক উল্লেখিত ব্যক্তিদের কিছু আর্থিক সাহায্য প্রদানের জন্য সভায় প্রস্তাব রাখেন। | খ. বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল গঠন ও ব্যবহার নির্দেশিকা ২০২০ এর (৩) (ঘ) মোতাবেক ১ নং আবেদনকারীকে ৫,০০০/-টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের জন্য সিদ্ধান্ত গৃহিত হলো । | খ. উপজেলা নির্বাহী অফিসার(ভারপ্রাপ্ত), বাগাতিপাড়া নাটোর। |
| | গ. উপজেলা পরিষদের বিজি-১/সি নং বাসার পয়ঃনিষ্কাশন মেরামত/সংস্কার | গ. উপজেলা প্রকৌশলী আলোচনাকালে জানান যে, উপজেলা পরিষদের বিজি-১/সি নং বাসার পয়ঃনিষ্কাশন ও মেরামত/সংস্কার কাজ জরুরীভাবে সম্পন্ন করে ২৫,০০০/-(ভাঃ নং-১) টাকার বিল ভাউচার দাখিল করা হয়েছে। উক্ত বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে পরিশোধের নিমিত্ত সভায় প্রস্তাব রাখেন। | গ. বিস্তারিত আলোচনান্তে দাখিলকৃত ২৫,০০০/- টাকার বিল অনুমোদিত হলো এবং উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে উক্ত বিল পরিশোধ করার সিদ্ধান্ত গৃহিত হলো। | গ. উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত), বাগাতিপাড়া নাটোর। |
| | ঘ. উপজেলা পরিষদের বিজি-৩/ডি নং বাসার পয়ঃনিষ্কাশন মেরামত/সংস্কার | ঘ. উপজেলা প্রকৌশলী আলোচনাকালে জানান যে, উপজেলা পরিষদের বিজি-৩/ডি নং বাসার পয়ঃনিষ্কাশন ও মেরামত/সংস্কার কাজ জরুরীভাবে সম্পন্ন করে ২৫,০০০/-(ভাঃ নং-১) টাকার বিল ভাউচার দাখিল করা হয়েছে। উক্ত বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে পরিশোধের নিমিত্ত সভায় প্রস্তাব রাখেন। | ঘ. বিস্তারিত আলোচনান্তে দাখিলকৃত ২৫,০০০/- টাকার বিল অনুমোদিত হলো এবং উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে উক্ত বিল পরিশোধ করার সিদ্ধান্ত গৃহিত হলো। | ঘ. উপজেলা নির্বাহী অফিসার, বাগাতিপাড়া নাটোর। |
| | ঙ. উপজেলা কৃষি সম্প্রসারণ অফিসারের অফিস কক্ষ মেরামত/সংস্কার | ঙ. উপজেলা প্রকৌশলী আলোচনাকালে জানান যে, উপজেলা উপজেলা কৃষি সম্প্রসারণ অফিসারের অফিস কক্ষ মেরামত/সংস্কার কাজ জরুরীভাবে সম্পন্ন করে ২৪,৮০০/-(ভাঃ নং-১) টাকার বিল ভাউচার দাখিল করা হয়েছে। উক্ত বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে পরিশোধের নিমিত্ত সভায় প্রস্তাব রাখেন। | ঙ. বিস্তারিত আলোচনান্তে দাখিলকৃত ২৪,৮০০/- টাকার বিল অনুমোদিত হলো এবং উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে উক্ত বিল পরিশোধ করার সিদ্ধান্ত গৃহিত হলো। | ঙ. উপজেলা নির্বাহী অফিসার, বাগাতিপাড়া নাটোর। |
| | চ. মহান বিজয় দিবস, ২০২২ উদযাপন। | চ. আলোচনাকালে উপজেলা নির্বাহী অফিসার জানান যে, উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২০ (৩) (খ) এর নির্দেশনা মোতাবেক উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থায়নে জাতীয় দিবস উদযাপনের জন্য বছরে ১,০০,০০০/-(এক লক্ষ) টাকা ব্যয় করার নির্দেশনা রয়েছে। সে নির্দেশনার আলোকে মহান বিজয় দিবস, ২০২২ উদযাপন উপলক্ষে ৫০,০০০/- টাকা ব্যয়ের বিল ভাউচার দাখিল করেছেন। উক্ত বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে পরিশোধের নিমিত্ত সভায় প্রস্তাব রাখেন। | চ. বিস্তারিত আলোচনান্তে দাখিলকৃত ৫০,০০০/- টাকার বিল ভূতাপেক্ষ অনুমোদিত হলো এবং উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২০ (৩) (খ) এর নির্দেশনা মোতাবেক উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ৫০,০০০/-টাকার বিল পরিশোধ করার সিদ্ধান্ত গৃহিত হলো। | চ. উপজেলা নির্বাহী অফিসার, বাগাতিপাড়া নাটোর। |

| | | | | |
|---|---|---|---|---|
| | ছ. উপজেলা পরিষদের জন্য টি স্টিলের আলমারী ক্রয়। | ছ. উপজেলা পরিষদ চেয়ারম্যান সভায় জানান যে, উপজেলা পরিষদের জন্য জরুরীভাবে একিটি স্টিলের আলমারী ক্রয় বাবদ ২৫,০০০/-(ভাঃ নং-১) টাকার বিল ভাউচার দাখিল করা হয়েছে। উক্ত বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে পরিশোধের নিমিত্ত সভায় প্রস্তাব রাখেন। | ছ. বিস্তারিত আলোচনান্তে দাখিলকৃত ২৫,০০০/- টাকার বিল অনুমোদিত হলো এবং উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২০ এর ৩(ছ) মোতাবেক উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে উক্ত বিল পরিশোধ করার সিদ্ধান্ত গৃহিত হলো। | ছ. উপজেলা নির্বাহী অফিসার, বাগাতিপাড়া নাটোর। |
| | জ. উপজেলা পরিষদের বিজি-১/বি নং বাসার মেরামত/সংস্কার | জ. উপজেলা প্রকৌশলী আলোচনাকালে জানান যে, উপজেলা পরিষদের বিজি-১/বি নং বাসা মেরামত/সংস্কার কাজ জরুরীভাবে সম্পন্ন করে ২৫,০০০/-(ভাঃ নং-১) টাকার বিল ভাউচার দাখিল করা হয়েছে। উক্ত বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে পরিশোধের নিমিত্ত সভায় প্রস্তাব রাখেন। | জ. বিস্তারিত আলোচনান্তে দাখিলকৃত ২৫,০০০/- টাকার বিল অনুমোদিত হলো এবং উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে উক্ত বিল পরিশোধ করার সিদ্ধান্ত গৃহিত হলো। | জ. উপজেলা নির্বাহী অফিসার, বাগাতিপাড়া নাটোর। |
| | ঝ. উপজেলা পরিষদের বিজি-২/বি নং বাসার মেরামত/সংস্কার | ঝ. উপজেলা প্রকৌশলী আলোচনাকালে জানান যে, উপজেলা পরিষদের বিজি-২/বি নং বাসা মেরামত/সংস্কার কাজ জরুরীভাবে সম্পন্ন করে ২৫,০০০/-(ভাঃ নং-১) টাকার বিল ভাউচার দাখিল করা হয়েছে। উক্ত বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে পরিশোধের নিমিত্ত সভায় প্রস্তাব রাখেন। | ঝ. বিস্তারিত আলোচনান্তে দাখিলকৃত ২৫,০০০/- টাকার বিল অনুমোদিত হলো এবং উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে উক্ত বিল পরিশোধ করার সিদ্ধান্ত গৃহিত হলো। | ঝ. উপজেলা নির্বাহী অফিসার, বাগাতিপাড়া নাটোর। |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

**(মোঃ অহিদুল ইসলাম গকুল)**
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বাগাতিপাড়া, নাটোর।

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বাগাতিপাড়া,নাটোর।
www.bagatipara.natore.gov.bd

স্মারক নং- ৪৬.৪৩.৬৯০৯.০০০.০১.০০১.২০.

তারিখঃ ২২ অগ্রহায়ণ ১৪২৯ / ০৮ ডিসেম্বর, ২০২২

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে ঃ-**

১। মাননীয় সংসদ সদস্য, ৫৮ নাটোর-১ (লালপুর-বাগাতিপাড়া)।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। জেলা প্রশাসক, নাটোর।
৪। উপজেলা ------------------------অফিসার, বাগাতিপাড়া, নাটোর।
৫। মেয়র, বাগাতিপাড়া পৌরসভা, বাগাতিপাড়া, নাটোর।
৬। চেয়ারম্যান, পাঁকা/জামনগর/বাগাতিপাড়া/দয়ারামপুর/ফাগুয়াড়দিয়াড় ইউ,পি, বাগাতিপাড়া, নাটোর।
৭। অফিস নথি।

০৮/১২/2022

**(সুরাইয়া মমতাজ)**
উপজেলা নির্বাহী অফিসার(ভারপ্রাপ্ত)
বাগাতিপাড়া, নাটোর
ফোন-০২৫৮৮৮-৭৫০০১
ই-মেইল- unobagatipara@mopa.gov.bd

### উপজেলা পরিষদের সভায় উপস্থিত সদস্যবৃন্দঃ পরিশিষ্ট "ক"

**উপজেলা পরিষদের জনপ্রতিনিধিগণঃ**

| ক্রমিক নং | নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ০১ | জনাব মোঃ অহিদুল ইসলাম (গকুল), উপজেলা পরিষদ চেয়ারম্যান, বাগাতিপাড়া, নাটোর। | |
| ০২ | জনাব মোসাঃ খোদিজা বেগম শাপলা, উপজেলা পরিষদ মহিলা ভাইস চেয়ারম্যান, বাগাতিপাড়া, নাটোর | ,, |
| ০৩ | জনাব মোঃ আব্দুল হাদী, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাগাতিপাড়া, নাটোর। | ,, |
| ০৪ | জনাব মোঃ নয়েজ মাহমুদ, চেয়ারম্যান ১ নং পাঁকা ইউ.পি, বাগাতিপাড়া, নাটোর | ,, |
| ০৫ | জনাব মোঃ মজিবুর রহমান, চেয়ারম্যান ৩ নং বাগাতিপাড়া ইউ.পি, বাগাতিপাড়া, নাটোর। | ,, |
| ০৬ | জনাব মোঃ মাহবুর ইসলাম মিঠু, চেয়ারম্যান, ৪ নং দয়ারামপুর ইউ.পি, বাগাতিপাড়া, নাটোর। | ,, |
| ০৭ | জনাব মোঃ এস এম লেলিন, চেয়ারম্যান, ৫ নং ফাগুয়াড়দিয়াড় ইউ.পি, বাগাতিপাড়া, নাটোর। | ,, |

**উপজেলা পরিষদের বিভিন্ন দপ্তরের কর্মকর্তাগণ**

| ক্রমিক নং | নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ০১ | জনাব সুরাইয়া মমতাজ, উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত), বাগাতিপাড়া, নাটোর। | |
| ০২ | জনাব ডাঃ মোঃ আব্দুর রাজ্জাক, উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, বাগাতিপাড়া, নাটোর। | ,, |
| ০৩ | জনাব মোঃ হাসান আলী, উপজেলা কৃষি অফিসার, বাগাতিপাড়া, নাটোর। | |
| ০৪ | জনাব মোঃ আবু সামা, উপজেলা মৎস্য কর্মকর্তা, বাগাতিপাড়া, নাটোর। | ,, |
| ০৫ | জনাব ডাঃ মোঃ আবু হায়দার, উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, বাগাতিপাড়া, নাটোর। | ,, |
| ০৬ | জনাব মোঃ আজিজুর রহমান, উপজেলা প্রকৌশলী, বাগাতিপাড়া, নাটোর। | ,, |
| ০৭ | জনাব ডাঃ খাজা ফেরদৌস, উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, বাগাতিপাড়া, নাটোর। | ,, |
| ০৮ | জনাব ড. সাবরিনা আনাম, উপজেলা শিক্ষা অফিসার. বাগাতিপাড়া, নাটোর। | ,, |
| ০৯ | জনাব মোঃ আহাদ আলী, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বাগাতিপাড়া, নাটোর। | ,, |
| ১০ | জনাব মোঃ ওবায়দুর রহমান, উপজেলা সমাজ সেবা অফিসার, বাগাতিপাড়া, নাটোর। | ,, |
| ১১ | জনাব মোঃ রেজাউল করিম, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বাগাতিপাড়া, নাটোর। | ,, |
| ১২ | জনাব আব্দুল্লাহ আল মামুন, উপ-সহকারী প্রকৌশলী, জন-স্বাস্থ্য প্রকৌশল অফিস, বাগাতিপাড়া, নাটোর। | ,, |
| ১৩ | জনাব মোঃ সোহেল রানা, উপজেলা যুব উন্নয়ন অফিসার, বাগাতিপাড়া, নাটোর। | ,, |
| ১৪ | জনাব মোঃ জাকির হোসেন, উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা, বাগাতিপাড়া, নাটোর। | ,, |
| ১৫ | জনাব মোঃ জহুরুল ইসলাম, উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, বাগাতিপাড়া, নাটোর। | ,, |
| ১৬ | জনাব মোছাঃ শিরিন আখতার, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বাগাতিপাড়া, নাটোর। | ,, |
| ১৭ | জনাব মোঃ সোহেল রানা, উপজেলা প্রকল্প কর্মকর্তা(বিআরডিবি), বাগাতিপাড়া, নাটোর। | ,, |
| ১৮ | জনাব মোঃ মনজুর রহমান, এজিএম, সাবজোনাল অফিস, পল্লী বিদ্যুৎ সমিতি-১ বাগাতিপাড়া, নাটোর। | ,, |
| ১৯ | জনাব খন্দকার সাজ্জাদ হোসেন, উপজেলা সমবায় অফিসার, বাগাতিপাড়া, নাটোর। | ,, |
| ২০ | জনাব এ্যামিজা আক্তার, উপজেলা তথ্য সেবা কর্মকর্তা, বাগাতিপাড়া, নাটোর। | ,, |
| ২১ | জনাব এ.বি.এম আব্দুল্লাহ, ভারপ্রাপ্ত কর্মকর্তা, এস.এফ.এন.টি.সি, বাগাতিপাড়া, নাটোর। | ,, |
| ২২ | জনাব জসিম উদ্দিন, বিএডিসি, বাগাতিপাড়া, নাটোর। | ,, |
| ২৩ | জনাব মোছাঃ বুলবুলি খাতুন, উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, বাগাতিপাড়া, নাটোর। | ,, |
| ২৪ | জনাব অশিত কুমার পাল, উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ী আমার খামার, বাগাতিপাড়া, নাটোর। | ,, |
| ২৫ | জনাব, আলপনা খাতুন, উপজেলা উন্নয়ন সহায়ক (ইউডিএফ), ইউজিডিপি, বাগাতিপাড়া, নাটোর। | |

### উপজেলা পরিষদের সভায় অনুপস্থিত সদস্যবৃন্দঃ পরিশিষ্ট "খ"

**উপজেলা পরিষদের জনপ্রতিনিধিগণঃ**

| ক্রমিক নং | নাম ও পদবী |
|---|---|
| ০১ | জনাব মোঃ এ এস এম শরিফুল ইসলাম, মেয়র বাগাতিপাড়া পৌরসভা, বাগাতিপাড়া, নাটোর। |
| ০২ | মোঃ গোলাম রব্বানী, চেয়ারম্যান, চেয়ারম্যান ২ নং জামনগর ইউ.পি, বাগাতিপাড়া, নাটোর। |

| ক্রমিক নং | নাম ও পদবী |
|---|---|
| ০১ | জনাব মোঃ নরুন্নবী সরকার, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকতা বাগাতিপাড়া, নাটোর। |
| ০২ | জনাব মোঃ শফিকুল ইসলাম, সহকারী প্রোগ্রামার, বাগাতিপাড়া, নাটোর। |